শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭৩.১৩-১৮৭

তারিখঃ ১২ শ্রাবণ ১৪২৭
২৭ জুলাই ২০২০

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৭৬৯৪/২০১৩ (আপীল নং-২৯৪৩/২০১৫) মামলায় গত ০৮.০১.১৫ তারিখে প্রদত্ত রায়ের আলোকে কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন চর রাজিবপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ এর শিক্ষক ও কর্মচারীগণের অনুকূলে ২০০৯-২০১০ অর্থবছরের ০৬.০৫.২০১০ হতে সেপ্টেম্বর/২০১৭ পর্যন্ত বকেয়া বেতন ভাতা (এমপিও) প্রদান।

সূত্র: (১) চর রাজিবপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের স্মারক নং-চটেক/রাজিব/কুড়ি/২০২০/১১০ তারিখ: ০১.০৩.২০ খ্রি.।
(২) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-১০.০০.০০০০.১২৯.০৪.১২৪.১৯-১৬১ তারিখ: ০১.১২.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬.৫.২০১০ তারিখে শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ এবং ৩১/০৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন চর রাজিবপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজটি নতুন এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়।

০২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের ১৬.৬.২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিও তালিকা থেকে বাতিল করা হয় । এর ফলে (অর্থাৎ উক্ত প্রতিষ্ঠানটি এমপিও তালিকা থেকে বাদ পড়ায়) উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৬৯৪/২০১৩ মামলা দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় বিগত ০৮.০১.১৫ তারিখে প্রদত্ত রায়ের শেষাংশে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়-

"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short. the Janabal Kathamo. 2010)". within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order.

০৩। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-২৯৪৩/১৫ দায়ের করা হলে তা ২৩.০২.১৭ খ্রি. তারিখে খারিজ (সময় তামাদির কারণে) হয়ে যায়। মহামান্য আপিল বিভাগের গত ২৩.০২.২০১৭ তারিখের আদেশটি নিম্নরূপ:

"The leave petition is out of time by 292 but the explanations offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly. the Civil Petition for Leave to appeal is dismissed as barred by limitation."

০৪। এর ফলে বর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২৩.০৫.১৭ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০১.২০১৭-২৪৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটিকে এমপিওভুক্ত করা হয়। তদপ্রেক্ষিতে DTE কর্তৃক নভেম্বর/১৭ মাসের এমপিও শীটে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণকে অক্টোবর ও নভেম্বর/১৭ মাসের বেতন ভাতা (এমপিও) ছাড় করা হয়।

০৫। পরবর্তীতে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক ০১.০৩.২০ খ্রি. তারিখে শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০৬.০৫.২০১০ হতে সেপ্টেম্বর/১৭ পর্যন্ত সময়ের বকেয়া বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, TMED বরাবর সূত্র (১) মূলে আবেদন করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত চাওয়া হলে সূত্র (২) মূলে বকেয়া প্রদানের স্বপক্ষে মতামত পাওয়া যায়।

০৬। যেহেতু উক্ত কলেজের শিক্ষক-কর্মচারীগণকে সেপ্টেম্বর/১৭ মাস হতে এমপিওভুক্তক্রমে বর্তমান এমপিও চালু আছে এবং যেহেতু মহামান্য হাইকোর্টের ০৮.০১.১৫ খ্রি. তারিখের আদেশে উক্ত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্তির নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে দায়ের করা লীভ টু আপীল নং-২৯৪৩/১৫ মামলাটি খারিজ হয়ে গেছে এবং যেহেতু আইন ও বিচার বিভাগ কর্তৃকও বকেয়া প্রদানের স্বপক্ষে মতামত ব্যক্ত করা হয়েছে সেহেতু রিট মামলার রায় অনুযায়ী এবং আইন ও বিচার বিভাগের সুস্পষ্ট মতামতের আলোকে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণকে ২০০৯-২০১০ অর্থবছরের ০৬.০৫.২০১০ হতে সেপ্টেম্বর/১৭ পর্যন্ত সময়ের বকেয়া বেতন ভাতা (এমপিও) প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৭। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৭৬৯৪/১৩ মামলায় ০৮.০১.১৫ খ্রি. তারিখের রায়/নির্দেশনা অনুযায়ী এবং আইন ও বিচার বিভাগ কর্তৃকও বকেয়া প্রদানের স্বপক্ষে সুস্পষ্ট মতামতের আলোকে কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন চর রাজিবপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের শিক্ষক-কর্মচারীদেরকে ০৬.০৫.১০ হতে সেপ্টেম্বর/১৭ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতা'র সরকারি অংশ (এমপিও) বর্তমান বাজেট হতে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ২০..০৮.২০ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

২৭/০৭/২০
(মোঃ আঃ খালেক মিয়া)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অধ্যক্ষ,চর রাজিবপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ডাক-রাজিবপুর, উপজেলা-চর রাজিবপুর, জেলা-কুড়িগ্রাম।

H:\Letter-2017.docx